

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ৩৬

অগ্রহায়ণ ২০, ১৪৩১
তারিখ : -----
ডিসেম্বর ০৫, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

শুল্ক বন্ড/ডিউটি ড্র ব্যাক সুবিধা গ্রহণ করে সিনথেটিক ও ফেব্রিক্স এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে
রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ২৫, তারিখ অক্টোবর ৩০, ২০২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ
করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত সার্কুলারটি সংশোধনের লক্ষ্যে সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, রপ্তানিতে ব্যবহৃত
উপকরণের উপর শুল্ক বন্ড/ডিউটি ড্র ব্যাক সুবিধা গ্রহণ করে সিনথেটিক ও ফেব্রিক্স এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ
রপ্তানির বিপরীতে ফেব্রুয়ারি ০১, ২০২৪ থেকে জুন ৩০, ২০২৪ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে ৩.০০% হারে এবং
জুলাই ০১, ২০২৪ থেকে জুন ৩০, ২০২৫ পর্যন্ত জাহাজিকৃত পণ্যের ক্ষেত্রে ২.০০% হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা
প্রযোজ্য হবে।

০৩। সিনথেটিক ও ফেব্রিক্স এর মিশ্রণে তৈরি পাদুকা ও ব্যাগ রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা
প্রদান সংশ্লিষ্ট অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য আপনাদের পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩